

তিন অন্তরের দিকে

এসো, আমরা আরও একপা-দু'পা অন্তরের দিকে যাই
ঠিক আছে, এসো।

অসীম সৌজন্যে আরও একটি সুস্থ ভোর
ওই দ্যাখো ফুটে উঠেছে শুভেচ্ছা সফরে।

অনন্তের জন্য চেনা উদ্দেশ্যবিহীন
এই যে প্রথম দেখা, একটি - দু'টি দিন
ধরা রইলো স্টিল ফোটোগ্রাফে
যেন - বা কিঞ্চিৎ সস্তাপে।

অসীম সীমানা নেই, পানপাত্র নেই
তার গল্প ফাঁস হ'লো ধীর সংগোপনে
গোপন, প্রকাশ্যে এসো পদচিহ্নহীন

লোকে তো যা খুশি বলে, শোনে বা না শোনে।।

কবিল ইসলাম

